

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গ.ম/উপজেলা কমিটি/২০২২-

তারিখঃ ১৯/০১/২০২২ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৪/০১/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(রেশমা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলাঅফিসার, গফরগাঁও।
- ৫। চেয়ারম্যান.....ইউ.পি. গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রেশমা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ : ২৪/০১/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০ঃ০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সদস্য সচিব গফরগাঁও উপজেলায় মহিলা বিষয়ক কার্যক্রম নিয়ে আলোচনা করেন এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>চেয়ারম্যান, মেদুয়ারী ইউ.পি.মহোদয় বলেন, "পারিবারিক সহিংসতা বর্তমান অত্র এলাকায় একটি গুরুতর সমস্যা হিসেবে চিহ্নিত হচ্ছে। এরূপ সহিংসতা নানান রূপে, নানান ভাবে আবির্ভূত হয়ে সমাজ এবং মানবীয় উন্নয়নকে ক্ষতিগ্রস্ত করেছে। এরূপ সহিংসতার বিষয়টিকে প্রায়শঃই সামাজিক ভাবে উপেক্ষা করা হয়। এই বিষয়টি নিয়ে সকলকে সচেতন করতে হবে বিভিন্ন সিটিং এ গুরুত্ব সহ করে বোঝাতে হবে "চেয়ারম্যান, মল্লিকবাড়ি ইউ.পি.মহোদয় বলেন "শুধু তাই নয় পারিবারিক সহিংসতার পুরো বিষয়টিকে আমাদের সমাজে তেমনভাবে গুরুত্বারোপও করা হচ্ছে না। পারিবারিক সহিংসতার পুরুষের কর্তৃক নারী উপর নির্যাতন বা সহিংসতা। এছাড়াও পরিবারের অন্যান্য সদস্যদের উপর নির্যাতন বা সহিংসতাও পারিবারিক সহিংসতার অন্তর্ভুক্ত। নারী নির্যাতনের ক্ষেত্রে নির্যাতিত নারীর প্রতিপক্ষ হিসেবে পুরুষকেই দাঁড় করানো হয়। নারীরা নির্যাতিত হয়ে আসছে পুরুষ কর্তৃক, এটিই প্রচলিত। ২) নির্যাতিত হয়ে পুরুষ আইনের আশ্রয় গ্রহণ করতে গেলে কিংবা গুরুতর আঘাতপ্রাপ্ত হয়ে ডাক্তারের নিকট গেলে তারা বিষয়টিতে তেমন গুরুত্ব আরোপ করে না বা অনেক সময় হেসেই উড়িয়ে দেয়। মাথায় বা শরীরে গুরুতর জখম নিয়ে নির্যাতিত পুরুষ থানা-পুলিশ বা ডাক্তারের শরণাপন্ন হলে "বন্ধুদের সাথে খেলতে গিয়ে আহত হওয়া" বা "দুর্ঘটনা কিংবা অন্য কোন কারণে আহত" হয়েছে বলে প্রাথমিকভাবে বিষয়টিকে উপেক্ষা করার চেষ্টা করে।</p>	<p>বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।</p> <p>১) আমাদের সমাজে নারীকে সবসময়ই কোমল স্বভাবের এবং শান্তি স্থাপনকারী হিসেবে বিবেচনা করা হয়। সাধারণত নারীদের প্রতি প্রচলিত ধারণা এই যে, তারা কখনোই সহিংস আচরণকারী হতে পারে না। এর ফলে নারী কর্তৃক নির্যাতিত হয়েও একজন পুরুষ কারো কাছেই তা বিশ্বাসযোগ্যভাবে উপস্থাপন করতে পারে না।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেশমা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গফরগাঁও।

তারিখঃ ২৪/০১/২০২২ খ্রিঃ

স্মারক নং- মহিলা ও শিশু /২০২২-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা মহিলা বিষয়ক অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।